

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
মিরপুর-২, ঢাকা-১২১৬।  
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.০২.৪৪৫.২০১৮. ১৩৬৭

তারিখঃ ২৬ অগ্রহায়ণ, ১৪২৫।  
৩০ ডিসেম্বর ২০১৮।

বিষয় : ঢাকা প্রশাসনিক ট্রাইব্যুনাল-১ এ দায়েরকৃত এটি মামলা ৩২৬/২০১৭ এর দফাওয়ারী ইংরেজি/বাংলা জবাব ও অন্যান্য রেকর্ডপত্র প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব তানজিল সুলতানা, ইন্সট্রাক্টর (কম্পিউটার সায়েন্স), রায়পুরা পিটিআই, নরসিংদী বিষয়ে উল্লেখিত এটি মামলাটি দায়ের করেছেন। উল্লেখ্য যে, তিনি স্বেচ্ছায় চাকুরী থেকে ইস্তফা দেওয়ার পরে পুনরায় চাকুরীতে যোগদানের জন্য সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় বরাবর আবেদন করেন। পুনরায় চাকুরীতে যোগদানের আবেদনটি গৃহীত না হয়ে তাঁর ইস্তফা প্রদানের আবেদন গৃহীত হয়। এই ইস্তফা প্রদানের আবেদনটি গৃহীত হওয়ার আদেশের বিরুদ্ধে তিনি ঢাকা প্রশাসনিক ট্রাইব্যুনাল-১ এ উক্ত এটি মামলা নং ৩২৬/২০১৭ দায়ের করেন।

২। এমতাবস্থায়, এটি মামলা নং ৩২৬/২ এর দফাওয়ারী ইংরেজি/বাংলা জবাবসহ নিম্নোক্ত রেকর্ডসমূহ আগামী ১৫ ডিসেম্বর ২০১৮ তারিখের মধ্যে অধিদপ্তরের আইন কোষে আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

- ১) এটি মামলা নং ৩২৬/২ এর দফাওয়ারী ইংরেজি/বাংলা জবাব (যথাস্থানে স্বাক্ষর ও সীলসহ), দুই প্রস্থ।
- ২) সরকার পক্ষের যাবতীয় রেকর্ড পত্র, দুই প্রস্থ।

সংযুক্তি : ১) আর্জির কপি।

বি: দ্র: প্রতিটি রেকর্ড সুস্পষ্ট ও সত্যায়িত করে প্রেরিতব্য।

(মো: আব্দুল আলীম)  
সহকারী পরিচালক (আইন)

সুপারিনটেনডেন্ট  
রায়পুরা পিটিআই, নরসিংদী।

স্মারক নং- ৩৮.০১.০০০০.০২.৪৪৫.২০১৮. ১৩৬৭/২

তারিখঃ ২৬ অগ্রহায়ণ ১৪২৫।  
৩০ ডিসেম্বর ২০১৮।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা (তাঁকে বিষয়টি নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
- ২। সহকারী সচিব (আইন), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সংরক্ষণ নথি।

(মো: আব্দুল আলীম)  
সহকারী পরিচালক (আইন)